



High Commission For The People's Republic Of Bangladesh

(Passport & Visa)

No. 5B & 5C (Lot No.9 & 10), Jalan Sultan Yahya Petra
54100 Kuala Lumpur, Malaysia

নং ১৯.০১.৬০০.০০৪.৩৩.১১.১৮-৭৫২

তারিখঃ ২৭/০৮/২০২০ খ্রিঃ।

পাসপোর্ট সংগ্রহের জন্য অনলাইনে এপয়েন্টমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ

মালয়েশিয়া প্রবাসী সকল বাংলাদেশীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাসপোর্টের সেবা গ্রহণ কার্যক্রমকে সহজীকরণ এবং মালয়েশিয়ায় চলমান করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের ফলে মালয়েশিয়া সরকার প্রদত্ত স্বাস্থ্যবিধি অনুসরণ (SOP) বাধ্যবাধকতার প্রেক্ষাপটে পাসপোর্ট বিতরণের জন্য অনলাইনভিত্তিক এপয়েন্টমেন্ট এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ০৭/০৯/২০২০ ইং তারিখ থেকে এটি কার্যকর করা হবে।

নিয়মাবলীঃ

- ০১। অনলাইনে এপয়েন্টমেন্ট গ্রহণ করার জন্য <http://appointment.bdhckl.gov.bd> এ ঠিকানায় ইন্টারনেট সংযোগের মাধ্যমে ভিজিট/প্রবেশ করতে হবে।
- ০২। উক্ত ঠিকানায় প্রবেশের পর প্রদর্শিত ফর্মে প্রথমেই আপনার পাসপোর্ট ডেলিভারী স্লিপ নম্বরটি লিখে সার্চ এ ক্লিক করুন। ক্লিক করার পর স্বয়ংক্রিয়ভাবে (automatic) নামের বক্সে আপনার নাম প্রদর্শিত হলে এপয়েন্টমেন্ট গ্রহণ করার জন্য বাকী ঘরগুলি পূরণ করে “Submit” এ ক্লিক করুন। Slip Number Not Found প্রদর্শিত হলে ফর্মটি আর পূরণ করবেন না, আপনার পাসপোর্টটি এখনও প্রস্তুত নয়। উল্লেখ্য যে, আপনার পাসপোর্টটি ঢাকা হতে প্রিন্টপূর্বক হাইকমিশনে না পৌঁছালে “Slip Number Not Found” বার্তাটি প্রদর্শিত হতে থাকবে।
- ০৩। “Submit” এ ক্লিক করার পর উক্ত পেইজেই “Submit” এর নিচে পাসপোর্ট বিতরণের তথ্য অংশে আপনার পাসপোর্ট সংগ্রহের জন্য বিস্তারিত তথ্য দেখতে পারবেন। এপয়েন্টমেন্ট এর তথ্য দ্রুত খুঁজে পেতে এ অংশের সার্চ অপশন ব্যবহার করুন।
- ০৪। আপনাকে দেয়া এপয়েন্টমেন্ট এর একটি ছবি তুলে রাখুন বা প্রিন্ট নিন।
- ০৫। পাসপোর্ট সংগ্রহের জন্য ১৬৬ জালাল বেসার, পেকান আম্পাং এ ঠিকানায় অবস্থিত হাইকমিশনের পাসপোর্ট সেন্টারে মূল আবেদনকারীকে যেতে হবে।
- ০৬। অনলাইনভিত্তিক এপয়েন্টমেন্ট কার্যকর করার পর থেকে ইতোপূর্বে হাইকমিশন হতে ১৮/০৫/২০২০ ইং তারিখে ১৯.০১.৬০০.০০৪.৩৩.১১.১৮-৬৯৮ নং স্মারকে জারীকৃত পত্রে টেলিফোনে পাসপোর্ট বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি এতদ্বারা বাতিল মর্মে গণ্য হবে।

W. Ahmed

ওয়াহিদা আহমেদ

ডেপুটি হাইকমিশনার ও দূতালয় প্রধান।